

দীর্ঘদিন পর জেমস

বিনোদন রিপোর্ট : দীর্ঘদিন পর নগর বাউল জেমস তার নতুন একক অ্যালবামের কাজে হাত দিয়েছেন। তার ব্যান্ডসহ সর্বশেষ প্রকাশিত অ্যালবাম ছিল ‘দুঃখ ছেলের দল’। আর সাউন্ডটেক প্রযোজিত জেমসের শেষ একক অ্যালবামটি ছিল ‘দুঃখিনী দুঃখ করো না’। এবারের অ্যালবামের শিরোনাম এখনও ঠিক করা হয়নি। এটি প্রযোজনা করছে সংগীতা। জেমস জানান, আপাতত তার ব্যস্ততা এই একক অ্যালবামকে কেন্দ্র করেই। তিনি আশাবাদী তার শ্রোতারা আবারও তার কাছে আশাজনক সংগীত সমৃদ্ধ অ্যালবাম পাবেন।

তৃতীয়বার হজ থেকে ফেরার পর

বিনোদন রিপোর্ট : প্রযোজক পরিচালক শরীফউদ্দিন খান দীপু তৃতীয়বারের মতো হজ পালন করে সম্প্রতি দেশে ফিরেছেন। দেশে ফিরেই তিনি তার নির্মাণাধীন ছবি ওরা ভয়ংকর-এর কাজ শুরু করেছেন। তিনি নতুন ছবির কাজ করার পাশাপাশি তার আগের ছবি দাদাগিরির মুক্তি নিয়ে ব্যস্ত রয়েছেন। দাদাগিরি মুক্তি দেবেন ২২ মার্চ। শরীফউদ্দিন খান দীপু চলচ্চিত্র প্রযোজনা ব্যবসায় আসার পর দু’বার হজ পালন করেন।

কাজী হায়াতের ছবিতে এই প্রথম রুবেল

বিনোদন রিপোর্ট : কাজী হায়াতের ছবিতে এই প্রথম অভিনয় করছেন নায়ক রুবেল। ডিপজল প্রযোজিত যাত্রা নামের এই ছবিতে রুবেলের বিপরীতে নায়িকা চরিত্রে মৌসুমী অভিনয় করছেন। গত মাসে যাত্রা ছবির বর্ণাঢ্য মহরত করা হয় সাভারে। মহরতের পর শূটিং বিলম্ব হওয়ায় অনেকেই মনে করেছিলেন কাজী হায়াতের ছবির নায়ক পরিবর্তন হতে পারে। কাজী হায়াত বরাবরই মান্নাকে নিয়ে ছবি তৈরী করেন। এই প্রথম রুবেলকে নিয়ে কাজ করায় অনেকেই মনে করছেন কাজী হায়াতের সঙ্গে মান্নার সম্পর্কের দূরত্ব বেড়ে গেছে।

স্বাধীনতা দিবসের তিন নাটকে লিটু

বিনোদন রিপোর্ট : এ সময়ের ব্যস্ততম ট্যালেন্টেড অভিনেতা লিটু আনাম স্বাধীনতা দিবস উপলক্ষে নির্মিত তিনটি নাটকে অভিনয় করছেন। নাটক তিনটি হচ্ছে- জুবায়েদা গুলশান আরার ’৭১-এর যুবক। আনিসুল হকের আমাদের বাড়ী ও শৈবাল আদিত্যের সেলাই। নাটক তিনটি বিভিন্ন চ্যানেলে প্রচার হবে বলে লিটু জানান। সেলাই নাটকের শূটিং স্পটের ঘটনা বলতে গিয়ে লিটু বলেন, নাটকটিতে রাজীব আংকেল আছেন। তার সঙ্গে একটি শট দেয়ার পর তিনি আমাকে জড়িয়ে ধরেন। সবার সামনে জড়িয়ে ধরে তিনি আমার উচ্ছ্বসিত প্রশংসা শুরু করেন। নাটকে যেমন তিনি আমার বাপ হয়েছেন, নাটকের বাইরেও তিনি আমার সঙ্গে বাবার মতো ব্যবহার শুরু করেন। বিষয়টি স্পটের সবাই দারুণ উপভোগ করেন।

মডেলিং-এ আগ্রহী ফেরদৌস

বিনোদন রিপোর্ট : নায়ক ফেরদৌস বলেছেন, তিনি ভালো পণ্যের মডেল হওয়ার অফার পেলে তাতে রাজি হবেন। চলচ্চিত্রের নায়ক হিসেবে ঢাকা এবং কলিকাতায় ফেরদৌস সমানভাবে জনপ্রিয়। বোম্বের একটি হিন্দি ছবিতে অভিনয় করার পর ফেরদৌসের জনপ্রিয়তা আরো বেড়ে যায়।

ফেরদৌস ইতোমধ্যে দু’টি প্যাকেজ নাটকে অভিনয় করে প্রশংসিত হওয়ার পর ছোট পর্দার প্রতিও তিনি আগ্রহী হয়েছেন। ফেরদৌস বলেছেন, তিনি ভালো পণ্যের মডেল হতে চান। এতে জনপ্রিয়তা আরো বাড়বে বলে তার

বিশ্বাস।

দাওয়াত খেয়েই সময় কাটছে রুশ্বির

বিনোদন রিপোর্ট : শ্বশুরপক্ষে দাওয়াত খেতে খেতেই এখন বেশী সময় কাটছে কণ্ঠশিল্পী রুশ্বির। সম্প্রতি তার আকদ সম্পন্ন হয়। বিয়ের আনুষ্ঠানিকতা মে মাসে সম্পন্ন হবে। রুশ্বির জানিয়েছেন, দিনের বেলায় তার কলেজের ব্যস্ততা থাকে। কিন্তু সন্ধ্যা হলেই কোন না কোন দাওয়াতে অংশ নিতে হচ্ছে প্রায়ই। আইনজীবী স্বামী ফারুক আহমেদের পরিবার বড়, অনেক ভাইবোন। যে কারণে একটির পর একটি দাওয়াতে অংশ নিতে হচ্ছে তাকে। এর মধ্যেও ঢাকা এবং ঢাকার বাইরের বিভিন্ন অনুষ্ঠানে পারফর্ম করছেন তিনি।

সুপ্ত শিখায় পারফর্ম করলেন সৌরভ

বিনোদন রিপোর্ট : বাংলাদেশ বেতার ও টেলিভিশনের নিয়মিত অভিনয় শিল্পী ইমাম হাসান সৌরভ এবার ‘সুপ্ত শিখা’ অনুষ্ঠানে পারফর্ম করেন। তিনি ইত্যাদি, উৎসব, বহুরূপী, ঈদ আনন্দমেলাসহ বাংলাদেশ বেতারের প্রচুর অনুষ্ঠানে অভিনয় করেন। তিনি জানান, অভিনয়ই আমার প্রধান সাধনা। তবে মঞ্চে অভিনয় করে বেশী আনন্দ পাই। বিটিভির নিজস্ব ম্যাগাজিন অনুষ্ঠান ‘সুপ্ত শিখা’য় উল্লেখযোগ্য নাট্যাংশে এবার ইমাম হাসান সৌরভ অভিনয় করেন। সুপ্ত শিখা গ্রন্থনা ও উপস্থাপনা করেন এ এস মাহাবুব। প্রযোজনা মোঃ গিয়াস উদ্দিন। আগামী ১৭ মার্চ বিকেল ৫টায় এটি বিটিভিতে প্রচার হবে।

ধারাবাহিক জলছাপ-এর জন্য চুক্তিবদ্ধ হলেন শিল্পী লিংকন

বিনোদন রিপোর্ট : সম্ভাবনাময় অভিনেত্রী শিল্পী লিংকন এবার কাস্ট হয়েছেন ধারাবাহিক নাটক ‘জলছাপ’-এ। তিনি ইতোমধ্যে বিটিভিসহ বিভিন্ন প্রাইভেট চ্যানেলের নাটকে অভিনয় করে প্রশংসিত হন। শিল্পী লিংকন অভিনীত এবারের নাটক জলছাপ। এতে আরো অভিনয় করছেন আহমেদ শরীফ, খুরশীদুজ্জামান উৎপল, টি আর চানু, দিলারা জামান, মোকসেদ মিলন, শাহাদাত, সবুজ, সাথী, বিথী প্রমুখ। খ ম খুরশীদের রচনা ও পরিচালনায় জলছাপ ধারাবাহিকটি পাঁচ পর্বে সমাপ্ত হবে। এ-ওয়ান টেলিভিউয়্যার ব্যানারে এই ধারাবাহিকটি আইটিভির জন্য নির্মিত হচ্ছে বলে জানা যায়। খুব শিগগিরই এই ধারাবাহিকের শূটিং ঢাকার সন্নিকটে মনোরম এক লোকেশনে শুরু হবে।